150

তারিখ ... 18 MAY 19..
পৃষ্ঠা: ১২ কলাম ৪

দৈনিক সংবাদ

## 'ক' সেটের পরিবর্তে 'খ' সেটের প্রশ্নপত্র

গাজীপুর, ১৭ই মে (নিজস্ব সংবাদাদাতার ফোন)।– শনিবার কাপাসিয়া থানার হাইলজোর ইউনিয়ন মহাবিদ্যালয় কেন্দ্রে এইচ এস সি অর্থনীতি ও রাজনীতি পরীক্ষায় 'ক' সেটের পরিবর্তে 'খ' সেটের প্রশ্নপত্র দিয়ে পরীক্ষা শুরু করা হয়।

এক ঘন্টা পর ভুল ধরা পড়লে 'খ' সেটের প্রশ্ন এবং উত্তরপত্র পরীক্ষার্থীদের কাছ থেকে সংগ্রহ করে 'ক' সেটের প্রশ্ন ও নতুন উত্তরপত্র সরবরাহ করে পুনরায় পরীক্ষা শুরু করা হয়। ফলে দুপুর ১ টার পরিবর্তে দুপুর ২টায় পরীক্ষা শেষ করা হয়। জানা যায় উক্ত কলেজের ১ জন শিক্ষক ও সহকারি কমিশনার (ভূমি) ১৭ই মের পরিবর্তে ১৭ জুনের পরীক্ষার নির্দেশিকা দেখে 'ক' সেটের পরিবর্তে 'খ' সেটের প্রশ্ন পরীক্ষা কেন্দ্রে নিয়ে যান।